ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩২ বর্ষ ২৪তম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১৭ পৌষ ১৪২৫, ৩১ ডিসেম্বর ২০১৮

নববর্ষে উপাচার্যের শুভেচ্ছা

ড. মো. আখতারুজ্জামান

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ইংরেজি নববর্ষ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ বিশ্ববিদ্যালয় পরিবারের সবাইকে শুভেচ্ছা জানিয়েছেন। তিনি সকলের সুখ-শান্তি, সমৃদ্ধি, উন্নয়ন ও অগ্রগতি কামনা করেন।

একই সাথে দেশবাসীর মঙ্গল কামনা করে উপাচার্য বলেন, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠায় তাঁরই কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্জিত সাফল্য, উন্নয়ন ও অগ্রগতির ধারা আগামীতেও অব্যাহত থাকবে। সুখী, সমৃদ্ধশালী ও সন্ত্রাসমুক্ত বাংলাদেশ গড়তে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করাই হোক আমাদের সকলের নববর্ষের অঙ্গীকার।

ঢাবি-এ বিজয় দিবস উদ্‌যাপিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১৬ ডিসেম্বর ২০১৮ উৎসবমুখর পরিবেশে নানা আয়োজনের মধ্য দিয়ে মহান বিজয় দিবস উদ্‌যাপিত হয়েছে।

দিবসটি উপলক্ষে প্রত্যুষে উপাচার্য ভবনসহ প্রধান প্রধান ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীরা অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত হন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পরে উপাচার্যের নেতৃত্বে ধানমন্ডিস্থ ৩২ নম্বর সড়কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করা হয়। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামানসহ বিশ্ববিদ্যালয়ের বিপুল সংখ্যক শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে ছাত্র-শিক্ষক কেন্দ্রে ‘একটি মানচিত্রের জন্ম’ শীর্ষক দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় তাঁর সাথে সাংবাদিক সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এছাড়া, বিশ্ববিদ্যালয়ের হলসমূহে শহীদ বুদ্ধিজীবী ও মহান স্বাধীনতা যুদ্ধের চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র প্রদর্শনী ও প্রামাণ্য চিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।

দিবসটি উপলক্ষে সকাল থেকে ছাত্র-শিক্ষক কেন্দ্রে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচী চলে। বিকেলে ঢাকা বিশ্ববিদ্যালয় ও ছায়ানটের যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজয় দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। (২য় পৃষ্ঠায় দেখুন)

মহান বিজয় দিবস উপলক্ষে গত ১৬ ডিসেম্বর ২০১৮ ধানমন্ডিস্থ ৩২ নম্বর সড়কে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় অন্যান্যের মধ্যে প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৬ ডিসেম্বর ২০১৮ প্রত্যুষে সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় অন্যান্যের মধ্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

তরুণ প্রজন্মই স্বাধীনতা বিরোধী চক্রকে প্রতিরোধ করবে–DcvPvh

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আগামী সাধারণ নির্বাচনে স্বাধীনতা বিরোধী অপশক্তিকে পরাজিত করে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তিকে বিজয়ী করার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে গত ১৪ ডিসেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে ঢাকা বিশ্ববিদ্যালয় আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এই আহ্বান জানান।

সভায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, শিক্ষক সমিতির যুগ্ম সম্পাদক অধ্যাপক ড. তাজিন আজিজ চৌধুরী, শহীদ গিয়াস উদ্দিন আহমেদের

বোন অধ্যাপক সাজেদা বানু, ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদ পরিবার সমিতি, ঢাকা বিশ্ববিদ্যালয় মুক্তিযোদ্ধা প্রাতিষ্ঠানিক ইউনিট কমান্ড, অফিসার্স এসোসিয়েশন, ৩য় শ্রেণী কর্মচারী সমিতি, কারিগরী কর্মচারী সমিতি এবং ৪র্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশের তরুণ প্রজন্ম মহান মুক্তিযুদ্ধের চেতনা ও শহীদদের মৌলিক দর্শনকে ধারণ করে। তরুণ প্রজন্মই স্বাধীনতা বিরোধী চক্রকে প্রতিরোধ করবে বলে তিনি আশা প্রকাশ করেন। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ শহীদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে উপাচার্য বলেন, বুদ্ধিজীবীরা স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে জনমত গঠন করেছিলেন। সমাজের নানা বৈষম্য, অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে তারা সোচ্চার ছিলেন। মানুষের মনো-জগতের উন্নয়নে তারা কাজ করছিলেন। এ কারণেই পাকিস্তানী হানাদার বাহিনী বেছে বেছে তাদের হত্যা করে। বাঙালি জাতিকে মেধাশূন্য করতেই পাকিস্তানী বাহিনী ও তার দোসররা পরিকল্পিতভাবে দেশের কৃতী সন্তানদের ওপর হত্যাযজ্ঞ চালিয়েছিল বলে তিনি উল্লেখ করেন।

উল্লেখ্য, শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিস্তারিত কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল - উপাচার্য ভবনসহ বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের অপরাজেয় বাংলার পাদদেশে জমায়েত, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ সংলগ্ন কবরস্থান, জগন্নাথ হল স্মৃতিসৌধ ও বিভিন্ন আবাসিক এলাকার স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভা প্রভৃতি। এছাড়া, বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হল মসজিদ ও উপাসনালয়ে শহীদ বুদ্ধিজীবীদের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও প্রার্থনা করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১৩ ডিসেম্বর দিবাগত রাত ১২টা ১মিনিটে ফজলুল হক মুসলিম হলে আলোক শিখা প্রজ্বলন করেন।

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৪ ডিসেম্বর ২০১৮ মিরপুর শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় অন্যান্যের মধ্যে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, বিভিন্ন হলের প্রভোস্ট এবং বিপুল সংখ্যক শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

শহীদ বুদ্ধিজীবী দিবস-২০১৮ এর সূচনালগ্নে গত ১৩ ডিসেম্বর ২০১৮ দিবাগত রাত ১২টা ১মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয় ফজলুল হক মুসলিম হলের শহীদ বেদীতে মোমবাতি প্রজ্বলন করে শহীদ বুদ্ধিজীবীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এ সময় হলের প্রভোস্ট অধ্যাপক ড. মিজানুর রহমান, হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীরা এবং ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস ২০১৮ উপলক্ষে টিএসসি তে কেন্দ্রীয় সাংস্কৃতিক সংগঠনগুলোর আয়োজনে অনুষ্ঠিত হয় তিনদিন ব্যাপী 'রক্তে রাঙা বিজয় আমার' শীর্ষক অনুষ্ঠান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৫ ডিসেম্বর ২০১৮ দ্বিতীয় দিনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সাংস্কৃতিক কর্মসূচির উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ও ছায়ানটের যৌথ উদ্যোগে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় খেলার মাঠে এক মনোজ্ঞ সঙ্গীতানুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। সন্ধ্যায় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে বিজয় দিবসের সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির উদ্যোগে গত ১৬ ডিসেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্রে 'একটি মানচিত্রের জন্য' শীর্ষক দিনব্যাপী আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। প্রদর্শনীর উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় তাঁর সাথে সাংবাদিক সমিতির সভাপতি আসিফুর রহমান এবং সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান নয়নসহ সমিতির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

১০ম জাতীয় সাহিত্য সম্মেলন অনুষ্ঠিত

বাংলাদেশ পোয়েট্স ক্লাব ও সেক্টর কমান্ডারস্ ফোরাম মুক্তিযুদ্ধ-৭১ এর যৌথ আয়োজনে গত ১৯ ডিসেম্বর ২০১৮ বুধবার কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি মিলনায়তনে "১০ম জাতীয় সাহিত্য সম্মেলন ২০১৮" অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

কবি মোস্তাফিজুর রহমান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এতে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মুক্তিযোদ্ধা আবুল কালাম আজাদ পাটোয়ারী। এছাড়া, নির্বাচিত কবি হিসেবে অনুষ্ঠানে কবিতা পাঠ করেন কবি মুহাম্মদ আবদুল খালেক, কবি মুহাম্মদ আনিসুল হক, কবি শ্যামলী মণ্ডল ও কবি আ খ ম সিরাজুল ইসলাম। এছাড়াও দেশের বিভিন্ন জেলা থেকে আগত কবিরা কবিতা পাঠ করেন।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির উদ্যোগে 'বিজয়ের মহোৎসব ২০১৮' শীর্ষক সপ্তাহব্যাপী সংস্কৃতিক অনুষ্ঠানের দ্বিতীয় দিনে গত ২২ ডিসেম্বর ২০১৮ শনিবার বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, বিশিষ্ট নাট্যজন রামেন্দু মজুমদার প্রমুখ।

ঢাবি-এ বিজয় দিবস উদ্‌যাপিত

(১ম পৃষ্ঠার পর) এসব অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়া, দিবসটি উপলক্ষে বাদ জোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদসহ বিভিন্ন হল মসজিদ ও উপাসনালয়ে শহীদদের আত্মার মাগফেরাত কামনা এবং দেশের সমৃদ্ধি ও উন্নতির জন্য দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

ঋষিজ শিল্পীগোষ্ঠী

আলোচনা, সম্মাননা ও সুরের মূর্চ্ছনায় গত ২৪ নভেম্বর ২০১৮ শিল্পকলা একাডেমির মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে ঋষিজ শিল্পীগোষ্ঠীর প্রতিষ্ঠার ৪২ বছর পূর্তি উৎসব। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। সংগঠনের সভাপতি গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীরের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

আলোচনা পর্বে গওহর রিজভী বলেন, ১৯৭১ আমার পরিবারের জন্য খুব খারাপ একটা সময়। ঢাকায় এসে আমার বাবা মারা যান। তখন সবসময় আপনাদের গান শুনে সাহস পেয়েছিলাম, এভাবেই নয়টি মাস পার করেছি। সেজন্য আপনাদের অনেক ধন্যবাদ।

অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, এ শহর অনেক নিষ্ঠুর। এখানে পদক ও সম্মাননা লুট হয়ে যায়। তাই পুরস্কারকে আমি গুরুত্বপূর্ণ মনে করি না, বরং একটা কবিতা লিখতে পারাটাই আমার কাছে গুরুত্বপূর্ণ। অনুষ্ঠানে সংস্কৃতিতে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ সাত গুনীকে ঋষিজ সম্মাননা প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্তরা হলেন- উচ্চাঙ্গ সঙ্গীতে ওস্তাদ মতিউল হক খান, নাট্যকলায় আতাউর রহমান, চারুকলায় নিসার হোসেন, রবীন্দ্র সঙ্গীতে তপন মাহমুদ, নজরুল সঙ্গীতে খায়রুল আনাম শাকিল, আবৃত্তি ও অভিনয়ে জয়ন্ত চট্টোপাধ্যায় ও লোক সঙ্গীতে বাউল শফি মন্ডল।

সম্মাননা প্রাপ্তদের হাতে ক্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি ড. গওহর রিজভী। সার্টিফিকেট তুলে দেন অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ ও উত্তরীয় পরিয়ে দেন ঋষিজ সভাপতি ফকির আলমগীর।

অনুষ্ঠানটি প্রয়াত সাংবাদিক গোলাম সরওয়ার ও প্রয়াত ব্যান্ডসঙ্গীতের কিংবদন্তি আইয়ুব বাচ্চুকে উৎসর্গ করেছে ঋষিজ শিল্পীগোষ্ঠী।

অধ্যাপক আমিনুল ইসলামের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে স্মরণসভা অনুষ্ঠিত

আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন বিজ্ঞানী ঢাকা বিশ্ববিদ্যালয় মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের সাবেক অধ্যাপক ড. আমিনুল ইসলামের প্রথম মৃত্যুবার্ষিকী উপলক্ষে গত ১ ডিসেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে দোয়া ও স্মরণসভা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগ আয়োজিত স্মরণসভায় সভাপতিত্ব করেন বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. দিদার-উল-আলম। অনুষ্ঠানে অধ্যাপক আমিনুল ইসলামের বর্তমান ও প্রাক্তন অনেক শিক্ষার্থীসহ তাঁর শুভাকাংখী ও আত্মীয়-স্বজন উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান মরহুমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, অধ্যাপক ড. আমিনুল ইসলাম ছিলেন একজন সহজ সরল, সৎ ও নিবেদিতপ্রাণ শিক্ষক, গবেষক এবং বিজ্ঞানী। তিনি তাঁর আত্মার মাগফেরাত কামনা করেন।

বিজয় একাত্তর হল প্রভোস্ট অ্যাওয়ার্ড পেল ১২ শিক্ষার্থী

স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় অসাধারণ ফলাফলের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বিজয় একাত্তর হলের ১২জন শিক্ষার্থী প্রভোস্ট অ্যাওয়ার্ড লাভ করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গত ১৭ ডিসেম্বর ২০১৮ বিজয় একাত্তর হলে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে অ্যাওয়ার্ড তুলে দেন।

হল প্রভোস্ট অধ্যাপক ড. এ. জে. এম. শফিউল আলম ভূইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের চেয়ারম্যান মেজর জেনারেল (অব:) হেলাল মোর্শেদ খান বীর বিক্রম বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন শহীদ ডা. আলীম চৌধুরীর কন্যা ডা. নুজহাত চৌধুরী। আলোচনা পর্ব শেষে ছিল মনোজ্ঞ সাংস্কৃতিক পরিবেশনা।

উপাচার্য বলেন, মহান মুক্তিযুদ্ধে জয়লাভ করার যে শক্তি, সে শক্তি হলো অসাম্প্রদায়িকতা, মানবিকতা ও উদার নৈতিকতার শক্তি। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস এসব নৈতিক মূলবোধের অনুশীলন কেন্দ্র।

প্রভোস্ট অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন, সৈয়দ মোহাম্মদ তওফিকুল হক, আহমেদুল ইসলাম হাওলাদার, ফাহাদ মুনিম, মো. আবদুল্লাহ আল মতিন, সৈয়দ মো. মুনতাসির মুহায়মেন, মো. সাইফুল ইসলাম, এস এম লতিফুল খবির, মো. মহিবুল্লাহ, মো. শফিকুল ইসলাম, সৈয়দ শাহজাদা আল করীম, মো. নাজমুল হোসেন। প্রভোস্ট গোল্ড মেডেল পেয়েছেন ইমরান হোসেন।

গত ২৪ নভেম্বর ২০১৮ শিল্পকলা একাডেমির মিলনায়তনে ঋষিজ শিল্পীগোষ্ঠীর প্রতিষ্ঠার ৪২ বছর পূর্তি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী। সংগঠনের সভাপতি গণসঙ্গীত শিল্পী ফকির আলমগীরের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

আন্তঃহল ব্যাডমিন্টন ও টেবিল টেনিস প্রতিযোগিতার পুরস্কার বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় আন্তঃহল ব্যাডমিন্টন প্রতিযোগিতায় ছাত্রদের একক বিভাগে সলিমুল্লাহ মুসলিম হল ও দ্বৈতে জগন্নাথ হল চ্যাম্পিয়ন হয়েছে। এককে জগন্নাথ হল এবং দ্বৈতে সলিমুল্লাহ মুসলিম হল রানার্স আপ হয়েছে। ছাত্রীদের একক ও দ্বৈত উভয় বিভাগে শামসুন্নাহার হল চ্যাম্পিয়ন এবং কবি সুফিয়া কামাল হল রানার্স আপ হয়েছে।

আন্তঃহল টেবিল টেনিস প্রতিযোগিতায় ছাত্রদের একক ও দ্বৈতে শহীদ সার্জেন্ট জহুরুল হক হল চ্যাম্পিয়ন হয়েছে। এককে মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হল এবং দ্বৈতে কবি জসীম উদ্‌দীন হল রানার্স আপ হয়েছে। ছাত্রীদের একক ও দ্বৈতে কবি সুফিয়া কামাল হল চ্যাম্পিয়ন এবং রোকেয়া হল রানার্স আপ হয়েছে ।

প্রতিযোগিতা শেষে গত ১৭ ডিসেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় জিমনেশিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাডমিন্টন ও টেবিল টেনিস কমিটির সভাপতি অধ্যাপক ড. গোলাম রব্বানীর সভাপতিত্বে অনুষ্ঠানে শারীরিক শিক্ষা কেন্দ্রের উপদেষ্টা ও পরিচালক অধ্যাপক ড. এম জিয়াউল হক মামুনসহ বিভিন্ন হলের প্রভোস্ট, হাউজ টিউটর, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

পুরস্কার প্রাপ্তদের অভিনন্দন জানিয়ে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, এই ধরনের প্রতিযোগিতা থেকেই জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের খেলোয়াড় তৈরি হবে। সকল প্রতিযোগিতার মধ্যে মননশীলতা, উৎকর্ষতা ও দক্ষতা বৃদ্ধি করার সুযোগ আছে। শিক্ষকদের উচিৎ এ ধরনের সহপাঠ্যক্রম কর্মকাণ্ডকে অনুপ্রাণিত করা।

উল্লেখ্য, এই আন্তঃহল ব্যাডমিন্টন ও টেবিল টেনিস প্রতিযোগিতা গত ৩ ডিসেম্বর ২০১৮ বিশ্ববিদ্যালয় জিমনেশিয়ামে শুরু হয়। বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগিতার উদ্বোধন করেন।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মি. আর্ল মিলার গত ২২ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় তাঁর স্ত্রী মাইকেল এ্যাডমেলমেন, দূতাবাসের কালচারাল অ্যাফেয়ার্স অফিসার জশুয়া ক্যাম্প এবং কালচারাল অ্যাফেয়ার্স বিশেষজ্ঞ ফারোহা সোহরাওয়ার্দী উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে আলোচনা করেন। এ সময় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং যুক্তরাষ্ট্রের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে চলমান শিক্ষা ও গবেষণা কার্যক্রম সম্পর্কে তাঁরা মতবিনিময় করেন। উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা কার্যক্রম এবং সংক্ষিপ্ত ইতিহাস অবহিত করেন। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে যুক্তরাষ্ট্রের অনেক বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম নিয়ে সমঝোতা স্মারক রয়েছে। এসব সমঝোতা স্মারকের আওতায় নিয়মিত শিক্ষক, গবেষক ও শিক্ষার্থী বিনিময় হচ্ছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আরও বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় হচ্ছে বাংলাদেশের সকল আন্দোলনের মূল কেন্দ্র এবং এখানকার শিক্ষার্থীরা সকল ঐতিহাসিক আন্দোলনে বিশেষ করে স্বাধীনতা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। রাষ্ট্রদূতের এক প্রশ্নের জবাবে উপাচার্য জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হচ্ছেন এ বিশ্ববিদ্যালয়ের সর্বকালের সেরা শিক্ষার্থী।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান।

জাইকা প্রতিনিধিদল

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ ইয়াসুহিরো কায়াজো-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- কোজি মিতুমোরি এবং আলিমুল হাসান।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. সুব্রত কুমার আদিত্য উপস্থিত ছিলেন।

বৈঠককালে উপাচার্য দক্ষ মানব সম্পদ সৃষ্টির লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এসময় জাইকার আর্থিক সহযোগিতায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'বাংলাদেশ-জাপান ইন্টারডিসিপ্লিনারি ইনস্টিটিউট' প্রতিষ্ঠার সম্ভাব্যতা নিয়ে আলোচনা করা হয়। উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে দীর্ঘদিন যাবৎ যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। এসব কার্যক্রম আরও গতিশীল করতে তিনি জাইকার সাহায্য ও সহযোগিতা চান। জাইকা প্রতিনিধিরা এক্ষেত্রে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস দেন।

উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের ধন্যবাদ জানান।

বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মি. আর্ল মিলার গত ২২ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন।

জাপান ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সির (জাইকা) সিনিয়র রিপ্রেজেনটেটিভ ইয়াসুহিরো কায়াজো-এর নেতৃত্বে ৩-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১৩ ডিসেম্বর ২০১৮ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ঢাবি-এ দু'দিন ব্যাপী জাতীয় গণিত সম্মেলন অনুষ্ঠিত

এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন এবং বাংলাদেশ গণিত সমিতির যৌথ উদ্যোগে দু'দিন ব্যাপী জাতীয় গণিত সম্মেলন গত ২১ ডিসেম্বর ২০১৮ এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই সম্মেলন উদ্বোধন করেন। সম্মেলনের প্রতিপাদ্য হচ্ছে "Research and Development in Mathematics for Real Life Application".

বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মোবারক হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আব্দুল আজিজ এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি খুশি কবির বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বাংলাদেশ গণিত সমিতির সহ-সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম স্বাগত বক্তব্য দেন এবং ধন্যবাদ জ্ঞাপন করেন সম্মেলন আয়োজক কমিটির সদস্য-সচিব অধ্যাপক ড. মোহাম্মদ বাবুল হাসান। অনুষ্ঠান সঞ্চালন করেন গণিত বিভাগের সহযোগী অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গণিতকে শিক্ষার্থীদের কাছে সহজ, সরল ও বোধগম্য করে উপস্থাপনের জন্য পেশাজীবী, শিক্ষাবিদ ও গবেষকদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, অর্থনীতি, ব্যবসা, বিজ্ঞান, প্রকৌশল সহ সকল বিষয় বিশ্লেষণের জন্য গণিত বিষয়ে দক্ষতা অর্জন করতে হবে। এই সম্মেলন দেশের গণিতবিদদের জন্য একটি কমন প্ল্যাটফর্ম তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন। উল্লেখ্য, দেশের ২০০ শিক্ষাবিদ ও গবেষক এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের সনদপত্র বিতরণ

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা' কোর্স এর ৮ম ব্যাচের শিক্ষার্থীদের সনদপত্র বিতরণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। এই সনদপত্র বিতরণ অনুষ্ঠান গত ১৭ নভেম্বর ২০১৮ উচ্চতর মানবিক ও সামাজিক বিজ্ঞান গবেষণা কেন্দ্র ভবনস্থ জেনোসাইড স্টাডিজ সেন্টারের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক ড. রাশেদ উজ জামান।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য কোর্সে অংশগ্রহণকারীদের অভিনন্দন জানিয়ে বলেন, পাকিস্তান কর্তৃক ১৯৭১ এর গণহত্যার একটি প্রধান কেন্দ্র ছিল ঢাকা বিশ্ববিদ্যালয়। তৎকালীন ইকবাল হল, জগন্নাথ হল, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাব সহ পুরো ক্যাম্পাসেই গণহত্যা হয়েছে।

জাতীয় সংগীত প্রতিযোগিতায় বিজয়ী উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা

দেশব্যাপী "বিজয়ফুল উৎসব"-এর অংশ হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয় দলীয়ভাবে "জাতীয় সংগীত" প্রতিযোগিতায় অংশগ্রহণ করে প্রাথমিক স্তরে প্রথম স্থান অধিকার করেছে। বিজয়ী এই দলটি গত ১ নভেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান-এর সঙ্গে তাঁর দফতরে সাক্ষাৎ করেছে। এসময় উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ ড. উম্মে সালেমা উপস্থিত ছিলেন।

বিজয়ী শিক্ষার্থীরা হচ্ছে- তৃতীয় শ্রেণির অনন্যা চক্রবর্তী রৌদ্র, দেবলীনা দাস, দীপা রানী বর্মন, নবনীতা ঐশিকী ও আফিয়া জারিন সুভা এবং ৪র্থ শ্রেণির মারুফ ইসলাম।

উল্লেখ্য, ১৬ ডিসেম্বর ২০১৮ মহান বিজয় দিবস উপলক্ষে নতুন প্রজন্মের কাছে মহান মুক্তিযুদ্ধের চেতনা এবং সংগ্রামী ইতিহাস জানানোর উদ্দেশ্যে শিশু থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল, কলেজ ও মাদরাসা) "বিজয়ফুল তৈরি প্রতিযোগিতা" ও "বিজয়ফুল উৎসব" আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার ফর জেনোসাইড স্টাডিজের 'পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা' কোর্সের ৮ম ব্যাচের শিক্ষার্থীদের সনদপত্র বিতরণ অনুষ্ঠান গত ১৭ নভেম্বর ২০১৮ সেন্টারের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন। এসময় আরও উপস্থিত ছিলেন সেন্টারের পরিচালক অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ এবং অধ্যাপক ড. রাশেদ উজ জামান।

বাঁধন ঢাবি জোনের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর-২০১৮ অনুষ্ঠিত

স্বেচ্ছায় রক্তদাতাদের সংগঠন বাঁধন ঢাকা বিশ্ববিদ্যালয় জোনের বার্ষিক সাধারণ সভা ও দায়িত্ব হস্তান্তর-২০১৮ অনুষ্ঠান গত ১৮ ডিসেম্বর ২০১৮ টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান।

বাঁধন ঢাবি জোনের সভাপতি মো. সোহানুর রহমানের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ হাসপাতালের ট্রান্সফিউশন মেডিসিন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মুন্সী এম হাবিবুল্লাহ। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাঁধন ঢাবি জোনের সাধারণ সম্পাদক মো: হাসান শাহরিয়ার।

অনুষ্ঠানে উপাচার্য বাঁধন কর্মীদের কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং নতুন দায়িত্ব প্রাপ্ত কমিটির সদস্যদের অভিনন্দন জানান।

বাঁধন ঢাবি জোনের ২০১৯ কার্যকরী পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব নেন আহসান উল্যাহ পাঠান এবং সাধারণ সম্পাদকের দায়িত্ব নেন শরমিলা ইয়াসমীন দীনা।

শারীরিক শিক্ষা কেন্দ্রের উপ-পরিচালকের পিএইচডি ডিগ্রি অর্জন

ঢাকা বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রে উপ-পরিচালক সালমা আরজু সম্প্রতি শারীরিক শিক্ষা বিষয়ে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি একমাত্র বাংলাদেশ নারী এ্যাথলেট যে এ ডিগ্রি অর্জন করল। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে রাষ্ট্রবিজ্ঞানে বি.এস.এস ও এম.এস.এস করার পর ২০১০ সালে ভারতের কল্যাণী বিশ্ববিদ্যালয়ে আইসিসিআর স্কলারশীপ নিয়ে এমপিএড ডিগ্রিতে ভর্তি হয়ে ২০১৩ সনে ১ম শ্রেণি অর্জন করেন। পরবর্তীতে ২০১৮ সালে একই বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তাঁর গবেষণার বিষয় ছিল "Contribution of Bangladesh Krira Shikkha Protishtan in Performance Sports of Bangladesh"।

এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন এবং বাংলাদেশ গণিত সমিতির যৌথ উদ্যোগে দু'দিন ব্যাপী জাতীয় গণিত সম্মেলন গত ২২ ডিসেম্বর ২০১৮ এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে শেষ হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যাপক ড. মুনিবুর রহমান চৌধুরী, বাংলাদেশ গণিত সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. মোবারক হোসেন সহ সভাপতি অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অমূল্য চন্দ্র মন্ডল এবং অধ্যাপক ড. মোহাম্মাদ বাবুল হাসান।

চারুকলার ৭০ বছর পূর্তি উৎসব

ঢাকা বিশ্ববিদ্যালয় চারুকলার ৭০ বছর পূর্তি এবং জয়নুল উৎসব উপলক্ষ্যে গত ১০ ডিসেম্বর ২০১৮ জয়নুল গ্যালারীতে শিল্পকর্ম প্রদর্শনী উদ্বোধন করা হয়েছে। চারুকলা অনুষদের বকুল তলায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী, বেঙ্গল ফাউন্ডেশনের মহাপরিচালক লুভা নাহিদ চৌধুরী ও শিল্পাচার্য জয়নুল আবেদিন এর পুত্র প্রকৌশলী ময়নুল আবেদিন ও অধ্যাপক রফিকুন নবী। স্বাগত বক্তব্য দেন প্রদর্শনীর আহবায়ক অধ্যাপক মোহাম্মদ ইউনুস। সঞ্চালন করেন ভাস্কর্য বিভাগের সহকারী অধ্যাপক নাসিমুল খবির।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিল্পাচার্য জয়নুল আবেদিনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। উপাচার্য বলেন শিল্পীরা সৃজনশীল ও বিভিন্ন কাজে পারদর্শী। এটি নতুন প্রজন্মের জন্য একটি অনুপ্রেরণার উৎস। শিল্পকর্ম প্রদর্শনীটি নতুন শিল্পীদের জন্য আধুনিক গবেষণার সুযোগ সৃষ্টি করতে পারে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় সবসময়ই জাতি বিনির্মানে ভূমিকা রেখেছে। শিল্পীরা যুগে যুগে বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও সত্যের পথ ছাড়েননি। শিল্পীদের মধ্যে অদম্য শক্তি আছে এবং এটি চারুকলা অনুষদের ঐতিহ্য।

কারুশিল্প চর্চা, শিক্ষা, আন্দোলন সংগ্রাম এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে অবদান রাখায় চারজন শিল্পীকে অনুষ্ঠানে সম্মাননা জানানো হয়। তারা হলেন শিল্পী মুর্তজা বশীর, শিল্পী সৈয়দ জাহাঙ্গীর, শিল্পী মুস্তাফা মনোয়ার এবং শিল্পী সমরজিৎ রায় চৌধুরী।

উল্লেখ্য, জয়নুল উৎসব-২০১৮ ও চারুকলার ৭০বছর পূর্তি উপলক্ষ্যে এ বছরের প্রদর্শনীকে দু'টি পর্বে ভাগ করা হয়েছে। প্রাক্তন ও বর্তমান শিক্ষক-শিল্পীদের প্রদর্শনী চলে ১০ থেকে ২০ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত। এছাড়া, বার্ষিক প্রদর্শনীতে বিভিন্ন বিভাগের পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীদের শিল্পকর্ম প্রদর্শনী চলে ২৩ থেকে ২৯ ডিসেম্বর ২০১৮ পর্যন্ত।

মহান বিজয় দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে গত ১৬ ডিসেম্বর ২০১৮ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় সংগীত বিভাগের চেয়ারম্যান মিসেস টুম্পা সমদ্দার উপস্থিত ছিলেন।

শিক্ষকদের জন্য কর্মশালা অনুষ্ঠিত

ঢাকা বিশ্ববিদ্যালয় 'সেন্টার অব এক্সিলেন্স ইন টিচিং এন্ড লার্নিং' এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যৌথ উদ্যোগে 'এথিক্যাল এসপেক্টস্ এন্ড এওয়্যারনেস অব প্লেজারিজম' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গত ২৬ নভেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজনেস স্টাডিজ অনুষদের ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে কর্মশালার উদ্বোধন করেন।

'এথিক্যাল এসপেক্টস্ এন্ড এওয়্যারনেস অব প্লেজারিজম' বিষয়ক মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক এবং তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. এস এম জাবেদ আহমদ। শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামালের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম এবং শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ। স্বাগত বক্তব্য দেন সেন্টারের পরিচালক অধ্যাপক ড. সাবিতা রেজওয়ানা রহমান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিবেক অত্যন্ত গুরুত্বপূর্ণ। নৈতিকতা ও বিবেকের দায়বদ্ধতা থেকেই অধ্যাপকবৃন্দ কাজ করেন। প্লেজারিজম প্রসঙ্গে উপাচার্য বলেন, অন্যের জিনিসকে নিজের বলে দাবী করা শুধু অনৈতিকই নয়, এটি একটি অপরাধ।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিনস্ এ্যাওয়ার্ড পেলেন ৭০জন মেধাবী শিক্ষার্থী

বিবিএ ও এমবিএ পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের ৭০জন মেধাবী শিক্ষার্থীকে "ডিনস্ এ্যাওয়ার্ড" প্রদান করা হয়েছে। গত ১১ ডিসেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে এ্যাওয়ার্ড তুলে দেন।

বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী

রুবাইয়াতুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন বিশেষ অতিথি এবং মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি'র প্রেসিডেন্ট ব্যারিস্টার নিহাদ কবির ইভেন্ট স্পিকার হিসেবে বক্তব্য রাখেন। বিভাগীয় চেয়ারম্যানগণ এ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের নাম ঘোষণা করেন। অর্গানাইজেশন স্ট্র্যাটেজি এন্ড লিডারশীপ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আব্দুল মঈন ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সত্যকে ধারণ করে সামনে এগিয়ে যাওয়ার জন্য মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার্থীদের মেধার সঙ্গে সততা, সত্যবাদিতা ও দেশপ্রেমের সংমিশ্রণ ঘটাতে হবে। দেশের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে উদ্যোক্তা হিসেবে ভূমিকা পালনের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস পালিত

ঢাবি'র সকল ভবন প্রতিবন্ধীদের জন্য অনুকূল করা হবে-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত সকল প্রতিষ্ঠান ও ভবন প্রতিবন্ধীদের জন্য অনুকূল করা হবে বলে ঘোষণা দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। গত ৮ ডিসেম্বর ২০১৮ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোজাফ্ফর আহমেদ চৌধুরী অডিটোরিয়ামে প্রতিবন্ধীদের অধিকার সুরক্ষা-প্রবেশগম্যতা নিয়ে এক আলোচনা সভা ও সম্মাননা প্রদান অনুষ্ঠানে তিনি এই ঘোষণা দেন। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় হবে এমন একটি জায়গা যেখানে প্রতিবন্ধীদের জন্য পরিবেশ সবসময় অনুকূলে থাকবে। এজন্য যে সকল উপাদান প্রয়োজন তা অতি দ্রুত সংযোজন করা হবে।

ফিজিক্যালি-চ্যালেঞ্জড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (পিডিএফ) এর আয়োজনে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. আতিউর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় পিডিএফ সংগঠনের সভাপতি মো: নাজমুস সাকিব।

উক্ত অনুষ্ঠানে প্রতিবন্ধী সন্তানকে পরম আদরে গড়ে তোলার নিদর্শন হিসেবে বিবিসি'র জরিপে ১০০ সাহসী নারীর তালিকায় অন্তর্ভুক্ত হওয়ায় অদম্য প্রতিবন্ধী শিক্ষার্থী হৃদয় সরকারের মাতা 'সীমা সরকার' এবং দৃষ্টি প্রতিবন্ধীদের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ডিবেট ফর ডোমোক্রেসি'র চেয়ারম্যান হাসান চৌধুরী কিরণকে বিশেষ সম্মাননা প্রদান করা হয়।

'লবণ সহিষ্ণু ধানজাত উন্নয়নে উরি ধানের ব্যবহার' শীর্ষক সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের উদ্যোগে "The Different ways Uri Dhan (Porteresia coarctata) can be used for developing highly salt tolerant rice varieties" শীর্ষক এক সেমিনার গত ৭ নভেম্বর ২০১৮ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সেমিনার উদ্বোধন করেন।

বিভাগীয় চেয়ারম্যান অধ্যাপক ড. মো. সায়েদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্প পরিচালক অধ্যাপক ড. জেবা ইসলাম সেরাজ। বিশেষ অতিথি ছিলেন বন ও পরিবেশ মন্ত্রণালয়ের সচিব আবদুল্লাহ আল মহসিন চৌধুরী, কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. নাসিরুজ্জামান, বাংলাদেশ ক্লাইমেট চেইঞ্জ ট্রাস্ট এর ব্যবস্থাপনা পরিচালক দিপক কান্তি পাল ও বাংলাদেশ রাইস রিসার্চ ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মো. শাহজাহান কবির।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, উপস্থাপিত লবণ সহিষ্ণু ধানজাত উন্নয়নে এই মূল্যায়নে ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুধু নয় বাংলাদেশেই এমন একটি মৌলিক গবেষণা ব্যাপক ব্যবহারিক কাজে আসবে। দিন দিন লবনাক্ত অঞ্চল বৃদ্ধি পাচ্ছে এবং লবণাক্ত অঞ্চল বিশেষত বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে ধান উৎপাদনে এই গবেষণার ফল কাজে লাগবে।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫